


ঢাবির দেয়ালে লেখা ‘স্ফুলিঙ্গ থেকে দাবানল আসছে’, বাড়ছে কৌতূহল

ঢাবি প্রতিনিধি



সংগ্রহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসজুড়ে হটাই ‘স্ফুলিঙ্গ থেকে দাবানল আসছে’ বাক্য সংবলিত

একটি গ্রাফিতি ছড়িয়ে পড়েছে। বার্তাটি ঘিরে শিক্ষার্থীদের মধ্যে সৃষ্টি হয়েছে কৌতূহল। কী বার্তা দেয়

এই গ্রাফিতি এমনই প্রশং তাদের মাঝে।

শুক্রবার (৪ জুলাই) বিকেল থেকেই কার্জন হল, টিএসসি, মধুর ক্যান্টিন, চারুকলা, কলাভবন, হাজী  
মুহম্মদ মোহসিন হল, এ এফ রহমান হল, শেখ মুজিবুর রহমান হল ও জিসিমউদ্দিন হলে আশপাশে  
বিভিন্ন ভবনের দেওয়ালে লাল, সাদা রঙে স্প্রে করে এই লেখা দেখা যায়।

তবে কে বা কারা এই গ্রাফিতি লিখেছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি।

### আরো পড়ুন

১৫ বছরের সাংবাদিকতা নিয়ে তদন্ত হবে : প্রেস সচিব



মো. সাকিবুল ইসলাম সোহান নামে এক ঢাবি শিক্ষার্থী সামাজিক মাধ্যমে লিখেন, এই স্ফুলিঙ্গ কার? দাবানল কীসের? কেউ কি জানেন এর পেছনের গল্প? না কি নতুন কোনো আন্দোলনের বার্তা? না কি এটি শুধুই কারো সৃজনশীল প্রতিবাদ? পুরো ক্যাম্পাসে এই লেখার মানে কী?

আজনিন জামাল চৌধুরী নামে এক ঢাবি শিক্ষার্থী জানান, আমাদের হলের দেয়ালে স্প্রে পেইন্ট করার  
টাইমে কন্টেক্ট জানতে চাইছিলাম। আমাকে বললো বই আসতেসে জুলাই নিয়ে।

### আরো পড়ুন



মেসিকে দিয়ে যে ‘বিশেষ কাজ করাতে’ চুক্তি নবায়ন চায় মায়ামি

কেউ কেউ ধারণা করছেন, আসন্ন ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে এটি কোনো ছাত্র সংগঠনের বার্তা হতে  
পারে।

আবার কেউ বলছেন, এটি একটি সাংস্কৃতিক বা সৃজনশীল প্রতিবাদের প্রতীকও হতে পারে।

গ্রাফিতিটির পেছনে কারা রয়েছে, এটি কোনো সংগঠনের পরিকল্পিত উদ্যোগ কি না, কিংবা একক  
কারো নিভৃত প্রতিবাদ, তা নিয়ে এখনো নিশ্চিত হওয়া যায়নি।